গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : "ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন তেতুঁলিয়া নদীর ভাঙন হতে বকসী লঞ্চঘাট হতে বাবুরহাট লঞ্চঘাট পর্যন্ত প্রতিরক্ষা ও ড্রেজিং এবং কুকরী-মুকরী, দ্বীপ বন্যা নিয়ন্ত্রণ" শীর্ষক প্রকল্প স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৯/১০/২০২০।
সভার সময়	১১.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান ৫২৩৩৬.১৫ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪৫.০০% এবং আর্থিক অগ্রগতি ৩৭.১৫%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১	নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, নদীতীর সংরক্ষণ ও বাঁধের ঢাল সংরক্ষণ কাজের ১১টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজ সমাপ্ত হয়েছে। বাকি ৯টি প্যাকজের গড় অগ্রগতি ৮৫%। নদীতীর সংরক্ষণ ও বাঁধের ঢাল সংরক্ষণ কাজের সকল প্যাকেজসমূহ মার্চ ২০২০ এর মধ্যে শতভাগ সমাপ্ত করা সম্ভব হবে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় জুন ২০২১ এর মধ্যে আলোচ্য প্যাকেজসমূহের সকল ভৌত কাজ সম্পন্ন করার জোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	নদী তীর প্রতিরক্ষা সংক্রান্ত ১১টি প্যাকেজ মার্চ ২০২১ এর মধ্যে সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক।
২	নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে পানি অবকাঠামো এবং সেচ অবকাঠামো নির্মাণ কাজের ১ টি প্যাকেজ কে ৪ টি লটে বিভক্ত করে আহ্বানকৃত দরপত্র বিগত ২৬-১০-২০২০ তারিখে গৃহীত হয়। উক্ত প্যাকেজটির অনুকূলে অনুমোদিত ডিপিপি তে ২৩৮৮.৮২ লক্ষ টাকার সংস্থান রয়েছে। অনুমোদিত প্রাক্কলন অনুসারে উক্ত লটসমূহের প্রাক্কলিত মূল্য ৪৭৬০.৮৮ লক্ষ টাকা এবং গৃহীত দরপত্রে 1st Lowest দরদাতাদের Quoted Price এর সমষ্টি ৪৭৫৪.১৫ লক্ষ টাকা যা অনুমোদিত ডিপিপি অপেক্ষা ২৩৬৫.৩৩ লক্ষ টাকা বেশী। ফলে ডিপিপির আন্তঃখাত সমন্বয় করা প্রয়োজন হবে। সভাপতি মহোদয় দ্রুত দরপত্র মূল্যায়নপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য দাখিলসহ অতিরিক্ত ব্যয় সংকুলানের জন্য ডিপিপির আন্তঃখাত সমন্বয় প্রস্তাবনা প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	দরপত্র মূল্যায়ন সম্পন্ন পূর্বক ডিপিপি'র আন্তঃখাত সমন্বয় প্রস্তাবনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক।
৩	প্রকল্প পরিচালক জানান যে, ২টি প্যাকেজের আওতায় ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য IWM কর্তৃক ম্যাথমেডিক্যাল মডেল স্টাডির ভিত্তিতে নকশা অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপিতে ১০.৪০০ কিঃমিঃ ড্রেজিং কাজের সংস্থান আছে। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান IWM কর্তৃক সম্পাদিত ম্যাথমেটিক্যাল মডেল স্টাডিতে ড্রেজিং কাজের সম্ভাব্যতা নিরুপনসহ এ্যালাইনমেন্ট ও দৈর্ঘ্য চূড়ান্তকরণ করা হয়েছে। ম্যাথমেটিক্যাল মডেল স্টাডিতে চূড়ান্তকৃত ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১১.১০০ কিঃমিঃ। চূড়ান্তকৃত এ্যালাইনমেন্ট ও দৈর্ঘ্য অনুযায়ী ড্রেজিং কাজের প্রাক্কলিত মুল্য ২০০ কোটি টাকা, যা অনুমোদিত ডিপিপি ব্যয় সীমার মধ্যেই রয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, ড্রেজিং এর সম্পূর্ণ সুফল প্রাপ্তির জন্য সম্পাদিত মডেল স্টাডিতে সমুদয় ড্রেজিং কাজ এক বর্ষা মৌসুমের মধ্যেই সম্পন্ন করার সুপারিশ করা হয়েছে। তিনি আগামি বর্ষা মৌসুমের পূর্বেই ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য IWM কর্তৃক সম্পাদিত ম্যাথমেটিক্যাল মডেল স্টাডিতে প্রস্তাবিত চেইনেজ এবং দৈর্ঘ্য অনুযায়ী দরপত্র আহবানের অনুমতি প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় IWM কর্তৃক সম্পাদিত ম্যাথমেটিক্যাল মডেল স্টাডি প্রতিবেদন অনুযায়ী ড্রেজিং কাজের দরপত্র আহ্বান এবং পরবর্তীতে প্রকল্পের ডিপিপি সংশোধনে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ও চেইনেজ সংশোধন অন্তর্ভূক্ত করার নির্দেশনা প্রদান করেন।	IWM কর্তৃক সম্পাদিত ম্যাথমেটিক্যাল মডেল স্টাডি প্রতিবেদন অনুযায়ী ড্রেজিং কাজের দরপত্র আহ্বান করতে হবে। পরবর্তীতে প্রকল্পের ডিপিপি সংশোধনে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ও চেইনেজ সংশোধন অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৮.১৮-৩৮০

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭

০২ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১৩) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।

১৪) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫) উপ-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সংশ্লিষ্ট), উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন তেতুঁলিয়া নদীর ভাঙন হতে বকসী লঞ্চঘাট হতে বাবুরহাট লঞ্চঘাট পর্যন্ত প্রতিরক্ষা ও ড্রেজিং এবং কুকরী-মুকরী, দ্বীপ বন্যা নিয়ন্ত্রণ" শীর্ষক প্রকল্প, ভোল পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।

১৯) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব